গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.moef.gov.bd

স্মারক নম্বর-২২.০০.০০০০.০৫৩.২৩.০০৮.২৪-১১৫৫

তারিখ: ১৯ কার্তিক, ১৪৩১
০৪ নভেম্বর, ২০২৪

বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭-৬১৪, তারিখ: ২১/১০/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোস্থ পরিপত্রটি এসাথে প্রেরণ করা হলো। পরিপত্রের মর্মানুযায়ী বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালনের বিষয়ে সরকারের গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামতে।**

০৪/১১/২০২৪
মোঃ শওকতুল আম্বিয়া
সহকারী সচিব
ফোন: ০২-৫৮১৫৩৪৪৭
ইমেইল: admin3@moef.gov.bd

বিতরণ: মন্ত্রণালয় (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০২। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৩। উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৫। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৬। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
০৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১০। সহকারী প্রোগ্রামার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১২। অফিস কপি।

অধিদপ্তর/সংস্থা: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৩, মতিঝিল, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ষোলশহর, চট্টগ্রাম।
৫। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
৬। পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
৭। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৬১৪

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন।**

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালনের বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) জাতীয় পর্যায়ের নিম্নলিখিত দিবস/উৎসবসমূহ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন/পালন করা হবে:

| ক্রমিক | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | শহীদ দিবস/আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি |
| ২. | জাতীয় বীমা দিবস | ১ মার্চ |
| ৩. | গণহত্যা দিবস | ২৫ মার্চ |
| ৪. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ |
| ৫. | মে দিবস | ১ মে |
| ৬. | বৌদ্ধ পূর্ণিমা | মে মাসে |
| ৭. | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর |
| ৮. | বড়দিন | ২৫ ডিসেম্বর |
| ৯. | বাংলা নববর্ষ | ১ বৈশাখ |
| ১০. | রবীন্দ্র জয়ন্তী | ২৫ বৈশাখ |
| ১১. | নজরুল জয়ন্তী | ১১ জ্যৈষ্ঠ |
| ১২. | ঈদ-উল-ফিতর | ১ শাওয়াল |
| ১৩. | ঈদ-উল-আযহা | ১০ জিলহজ |
| ১৪. | ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ১২ রবিউল আউয়াল |
| ১৫. | দুর্গাপূজা | |

(খ) যে সকল দিবস ঐতিহ্যগতভাবে পালন করা হয়ে থাকে অথবা বর্তমান সময়ে দেশের পরিবেশ সংরক্ষণ, উন্নয়ন ও সামাজিকভাবে উদ্বুদ্ধকরণের জন্য বিশেষ সহায়ক, সে সকল দিবস উল্লেখযোগ্য কলেবরে পালন করা যেতে পারে। মাননীয় উপদেষ্টাবৃন্দ এ সকল অনুষ্ঠানে সম্পৃক্ত থাকবেন এবং এ ধরনের অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনায় মাননীয় প্রধান উপদেষ্টাকে আমন্ত্রণ জানানো হবে। এ পর্যায়ের অনুষ্ঠান আয়োজনের জন্য সরকারি উৎস হতে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা যেতে পারে। এ ধরনের দিবসসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | জাতীয় সমাজসেবা দিবস | ২ জানুয়ারি |
| ২. | জাতীয় টিকা দিবস | বৎসরের শুরুতে নির্ধারণযোগ্য |
| ৩. | জাতীয় গ্রন্থাগার দিবস | ৫ ফেব্রুয়ারি |
| ৪. | জাতীয় স্থানীয় সরকার দিবস | ২৫ ফেব্রুয়ারি |
| ৫. | জাতীয় পরিসংখ্যান দিবস | ২৭ ফেব্রুয়ারি |
| ৬. | জাতীয় ভোটার দিবস | ২ মার্চ |
| ৭. | জাতীয় পাট দিবস | ৬ মার্চ |

২০০৮

| | | |
|---|---|---|
| ৮. | বিশ্ব প্রতিবন্ধী দিবস | ১৫ মার্চ |
| ৯. | বিশ্ব আবহাওয়া দিবস | ২৩ মার্চ |
| ১০. | জাতীয় চলচ্চিত্র দিবস | ৩ এপ্রিল |
| ১১. | আন্তর্জাতিক ক্রীড়া দিবস<br>ও<br>জাতীয় ক্রীড়া দিবস | ৬ এপ্রিল |
| ১২. | বিশ্ব স্বাস্থ্য দিবস | ৭ এপ্রিল |
| ১৩. | মুজিবনগর দিবস | ১৭ এপ্রিল |
| ১৪. | নিরাপদ মাতৃত্ব দিবস | ২৮ মে |
| ১৫. | জাতীয় চা দিবস | ০৪ জুন |
| ১৬. | বিশ্ব পরিবেশ দিবস | ৫ জুন |
| ১৭. | মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস | ২৬ জুন |
| ১৮. | বিশ্ব জনসংখ্যা দিবস | ১১ জুলাই |
| ১৯. | জাতীয় পাবলিক সার্ভিস দিবস | ২৩ জুলাই |
| ২০. | জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস | ৯ আগস্ট |
| ২১. | আন্তর্জাতিক সাক্ষরতা দিবস | ৮ সেপ্টেম্বর |
| ২২. | বিশ্ব নৌ দিবস | সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহ |
| ২৩. | জাতীয় উৎপাদনশীলতা দিবস | ২ অক্টোবর |
| ২৪. | বিশ্ব শিক্ষক দিবস | ৫ অক্টোবর |
| ২৫. | শিশু অধিকার দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৬. | আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস | ১৩ অক্টোবর |
| ২৭. | বিশ্ব খাদ্য দিবস | ১৬ অক্টোবর |
| ২৮. | জাতীয় নিরাপদ সড়ক দিবস | ২২ অক্টোবর |
| ২৯. | জাতীয় যুব দিবস | ১ নভেম্বর |
| ৩০. | জাতীয় সমবায় দিবস | নভেম্বর মাসের প্রথম শনিবার |
| ৩১. | বিশ্ব এইডস দিবস | ১ ডিসেম্বর |
| ৩২. | জাতীয় বস্ত্র দিবস | ০৪ ডিসেম্বর |
| ৩৩. | আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস | ৯ ডিসেম্বর |
| ৩৪. | বেগম রোকেয়া দিবস | ৯ ডিসেম্বর |
| ৩৫. | জাতীয় প্রবাসী দিবস | ৩০ ডিসেম্বর |

(গ) বিশেষ বিশেষ খাতের প্রতীকী দিবসসমূহ সীমিত কলেবরে পালন করা হবে। মাননীয় উপদেষ্টাবৃন্দ এ সকল দিবসের অনুষ্ঠানে উপস্থিতির বিষয় বিবেচনা করবেন। উন্নয়ন খাত হতে এ সকল দিবস পালনের জন্য কোন বিশেষ বরাদ্দ দেওয়া হবে না। এ ধরনের দিবসসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | দিবসের নাম | তারিখ |
|---|---|---|
| ১. | বার্ষিক প্রশিক্ষণ দিবস | ২৩ জানুয়ারি |
| ২. | জাতীয় নিরাপদ খাদ্য দিবস | ২ ফেব্রুয়ারি |
| ৩. | জাতীয় ক্যান্সার দিবস | ৪ ফেব্রুয়ারি |
| ৪. | আন্তর্জাতিক নারী অধিকার ও আন্তর্জাতিক শান্তি দিবস | ৮ মার্চ |
| ৫. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস | ১০ মার্চ |
| ৬. | বিশ্ব পানি দিবস | ২২ মার্চ |
| ৭. | বিশ্ব যক্ষ্মা দিবস | ২৪ মার্চ |
| ৮. | বিশ্ব মেধা সম্পদ দিবস | ২৬ এপ্রিল |
| ৯. | জাতীয় আইনগত সহায়তা দিবস | ২৮ এপ্রিল |
| ১০. | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস | ২৮ এপ্রিল |
| ১১. | বিশ্ব প্রেস ফ্রিডম দিবস | ৩ মে |
| ১২. | আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস | ৮ মে |
| ১৩. | বিশ্ব টেলিযোগাযোগ দিবস | ১৫ মে |
| ১৪. | বিশ্ব তামাকমুক্ত দিবস | ৩১ মে |
| ১৫. | বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস | ৯ জুন |

| | | |
|---|---|---|
| ১৬. | বিশ্ব খরা ও মরুকরণ প্রতিরোধ দিবস | ১৭ জুন |
| ১৭. | আন্তর্জাতিক সমবায় দিবস | জুলাই মাসের প্রথম শনিবার |
| ১৮. | আন্তর্জাতিক ওজোন সংরক্ষণ দিবস | ১৬ সেপ্টেম্বর |
| ১৯. | বিশ্ব পর্যটন দিবস | ২৭ সেপ্টেম্বর |
| ২০. | বিশ্ব হার্ট দিবস | সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার |
| ২১. | আন্তর্জাতিক প্রবীণ দিবস | ১ অক্টোবর |
| ২২. | বিশ্ব বসতি দিবস | অক্টোবর মাসের প্রথম সোমবার |
| ২৩. | জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস | ৬ অক্টোবর |
| ২৪. | বিশ্ব ডাক দিবস | ৯ অক্টোবর |
| ২৫. | বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস | ১০ অক্টোবর |
| ২৬. | বিশ্ব সাদা ছড়ি দিবস | অক্টোবর মাসে |
| ২৭. | জাতিসংঘ দিবস | ২০ অক্টোবর |
| ২৮. | জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস | ২ নভেম্বর |
| ২৯. | বিশ্ব ডায়েবেটিক দিবস | ১৪ নভেম্বর |
| ৩০. | প্যালেস্টাইনি জনগণের প্রতি আন্তর্জাতিক সহমর্মিতা দিবস | ২৯ নভেম্বর |
| ৩১. | বিশ্ব মানবাধিকার দিবস | ১০ ডিসেম্বর |
| ৩২. | আন্তর্জাতিক অভিবাসী দিবস | ১৮ ডিসেম্বর |
| ৩৩. | জাতীয় জীববৈচিত্র দিবস | ২৯ ডিসেম্বর |

(ঘ) উল্লিখিত তিন ধরনের দিবস ছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ আরও কিছু দিবস পালন করে থাকে, যা গতানুগতিক প্রকৃতির। কোন কোন ক্ষেত্রে দিবসসমূহ পুনরাবৃত্তিমূলক এবং বর্তমান সময়ে তেমন কোন গুরুত্ব বহন করে না। সরকারের সময় এবং সম্পদ সাশ্রয়ের লক্ষ্যে সরকারি সংস্থাসমূহ এ ধরনের দিবস পালনের সঙ্গে সম্পৃক্তি পরিহার করতে পারে।

২। শিক্ষা সপ্তাহ, প্রাথমিক শিক্ষা সপ্তাহ, বিজ্ঞান সপ্তাহ, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ (১-৭ আগস্ট), বিশ্ব শিশু সপ্তাহ (২৯ সেপ্টেম্বর-৫ অক্টোবর), সশস্ত্র বাহিনী দিবস (২১ নভেম্বর), পুলিশ সপ্তাহ, বিজিবি সপ্তাহ, আনসার সপ্তাহ, মৎস্য পক্ষ, বৃক্ষরোপণ অভিযান এবং জাতীয় ক্রীড়া সপ্তাহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা নিয়ে কর্মসূচি গ্রহণ করবে। অনুমোদিত কর্মসূচি অনুযায়ী অনুষ্ঠানাদির আয়োজন করা হবে।

৩। জাতীয় পর্যায়ের উৎসবসমূহ ব্যতীত সাধারণভাবে দিবস পালনের ক্ষেত্রে আরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) সাজসজ্জা ও বড় ধরনের বিচিত্রানুষ্ঠান যথাসম্ভব পরিহার করতে হবে। তবে, রেডিও ও টেলিভিশনে আলোচনা এবং সীমিত আকারে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা যাবে। কর্মদিবসে সমাবেশ/শোভাযাত্রা পরিহার করা হবে।

(খ) কোন সপ্তাহ পালনের ক্ষেত্রে অনুষ্ঠানসূচি সাধারণভাবে তিন দিনের মধ্যে সীমিত থাকবে।

(গ) সরকারিভাবে গৃহীত কোন কর্মসূচি যাতে অফিসের কর্মকান্ডে ব্যাঘাত না ঘটায়, তা নিশ্চিত করতে হবে এবং আলোচনা বা সাংস্কৃতিক অনুষ্ঠানাদি ছুটির দিনে অথবা অফিস সময়ের পরে আয়োজনের চেষ্টা করতে হবে।

(ঘ) নগদ কিংবা উপকরণ আকারে অর্থ/সম্পদ ব্যয়ের প্রয়োজন হবে না- এরূপ সাধারণ ইভেন্টসমূহ ছুটির দিনে কিংবা কার্যদিবসে আয়োজন করা যাবে। যেমন: মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রচার, পতাকা উত্তোলন (প্রযোজ্য ক্ষেত্রে), ঘরোয়া আলোচনা সভা, রেডিও ও টেলিভিশনে আলোচনা, পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি প্রদান ইত্যাদি।

(ঙ) কোন দিবস বা সপ্তাহ পালন উপলক্ষ্যে রাজধানীর বাইরে থেকে/জেলা পর্যায় হতে কর্মকর্তা/কর্মচারীদেরকে ঢাকায় আনা যথাসম্ভব পরিহার করা হবে।

৪। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করা হলো।

৫। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন/পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৬১২ সংখ্যক পরিপত্র এতদ্দ্বারা বাতিল করা হলো।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২১-১০-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
২। সিনিয়র সচিব/সচিব (সকল);
৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা;
৪। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ;
৫। বিভাগীয় কমিশনার (সকল);
৬। জেলা প্রশাসক (সকল) এবং
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২১-১০-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব